TRANSPARENCY INTERNATIONAL BANGLADESH
Social movement against corruption

www.ti-bangladesh.org

<u>সংবাদ বিজ্ঞপ্তি</u>

# দুদককে দুর্বল করার প্রচেষ্টায় টিআইবি উদ্বিগ্ন

সরকারিখাতের দুর্নীতি দুদকের এখতিয়ারে রাখার আহ্বান

**ঢাকা, শনিবার, ১৩ মার্চ ২০১০:** দুদকের সংস্কার বিষয়ে কেবিনেট কমিটি যে প্রস্তাব চূড়ান্ত করেছে তাতে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) গভীর উদ্বেগ প্রকাশ করেছে। গণমাধ্যমে প্রকাশিত প্রতিবেদন অনুযায়ী, উক্ত প্রস্তাবসমুহ দুদককে স্বাধীন ও কার্যকর করার যে প্রতিশ্রুতি সরকার দিয়েছিল তার সাথে সঙ্গতিপূর্ণ নয়।

টিআইবি এ বিষয়ে সরকারকে সুনির্দিষ্ট ১৮টি সুপারিশ পেশ করেছে। টিআইবি'র নির্বাহী পরিচালক বলেন, রাজনৈতিক, প্রশাসনিক, কর্পোরেট, এনজিও এবং ব্যাক্তির দুর্নীতি সবক্ষেত্রেই একই মাপকাঠিতে বিবেচনা করে দুদকের এখতিয়ারের মধ্যে রাখতে হবে। যেকোন নির্দিষ্টখাত, বিশেষত সরকারিখাতকে বাদ দেয়া হবে পক্ষপাতমূলক এবং তা দুর্নীতিকে একটি শাস্তিযোগ্য অপরাধ হিসেবে প্রতিষ্ঠার ক্ষেত্রে ব্যাপক প্রতিবন্ধকতা সৃষ্টি করবে।

সরকারি সেবাখাতের দুর্নীতির ক্ষেত্রে কোন রকম পূর্বানুমতি ছাড়াই তা দুদকের এখতিয়ারে অর্ন্তভূক্ত করার আহ্বান জানিয়েছে টিআইবি। টিআইবি আরো দাবী জানিয়েছে যে, দুদকের সচিবকে নিযুক্ত করতে কমিশনকে সম্পূর্ণ ক্ষমতা দিতে হবে। ড. ইফতেখারুজ্জামান বলেন, কমিশনের আর্থিক জবাবদিহিতা বলিষ্ঠ করতে বিধিসম্মত অডিট এর পাশাপাশি কমিশনের একটি বলিষ্ঠ অভ্যন্তরীন অডিট ইউনিট গঠন করতে হবে। এ ইউনিট গঠিত হবে দক্ষ, যোগ্য ও পেশাদারী কর্মীর সমন্বয়ে যারা সরাসরি কমিশনের চেয়ারম্যান এর কাছে জবাবদিহিতা করবে।

টিআইবি'র মতে রাষ্ট্রপতির কাছে কমিশনের জবাবদিহিতার প্রস্তাবনাটি দুদকের জবাবদিহিতার আসল উদ্দেশ্যকে পূরণ করবে না। বরং কমিশনের জবাবদিহিতা নিশ্চিত করতে সুপ্রিম কোর্টের একটি বিচার বিষয়ক কমিটি প্রতিষ্ঠা করা যেতে পারে । অথবা এমন একটি সংসদীয় কমিটি গঠন করা উচিত যাতে সংসদে প্রতিনিধিত্বকারি সকল দলের বিশ্বাসযোগ্য, সৎ সদস্যদের সমান প্রতিনিধিত্ব

থাকবে।

টিআইবি আরো প্রস্তাব করেছে যে, সৎ, যোগ্য নির্দলীয় বিশিষ্ট ব্যক্তিদের সমন্বয়ে একটি উপদেষ্টা কমিটি গঠন করার যা দুদকের কাজের পরামর্শ ও মূল্যায়ণ করতে সক্ষম হবে। দুর্নীতি প্রতিরোধে নির্দিষ্ট কর্ম পরিধি যেমন শিক্ষা, সচেতনতা ও নাগরিক সম্পৃক্ততা বিষয়ে নাগরিক উপ-কমিটি গঠন করা যেতে পারে।

**<u>গণমাধ্যম যোগাযোগ</u>**
**এস. এম. রিজওয়ান - উল - আলম**
পরিচালক - আউটরিচ এন্ড কমিউনিকেশন
মোবাইল: ০১৭১৩ ০৬৫০১২
rezwan@ti-bangladesh.org